৭৫/

১০৭

তারিখ ... 18 SEP 1989
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২

দৈনিক খবর

সরকারের ব্যাখ্যা

# বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগে কোন নিষেধাজ্ঞা জারি করা হয়নি

সম্প্রতি বিভিন্ন পত্র-পত্রিকায় বিশ্ববিদ্যালয়ে নতুন নিয়োগ বন্ধ সংক্রান্ত একটি সংবাদের প্রতি সরকারের দৃষ্টি আকৃষ্টহয়েছে।

এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো হয়েছে যে, বিশ্ববিদ্যালয়সমূহে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ, পদোন্নতি ও আপ-গ্রেডেশন সংক্রান্ত বিষয়ে সরকার কর্তৃক

শেষ পৃষ্ঠায় ৭ম কলামে

## বিশ্ববিদ্যালয়ে শিক্ষক

প্রথম পৃষ্ঠার পর

ঐ রূপ কোন নিষেধাজ্ঞা জারি করা হয়নি। রাষ্ট্রপতির সচিবালয়ের পক্ষ হতে জনৈক আজিজ আহম্মদ, সহকারী সচিবের স্বাক্ষরে গত ২৪শে আগস্ট তারিখে স্মারক নং জবি/১বি-৩৯/৮৯/৫০৭৯(৪)/১০৯-এর জারিকৃত তথাকথিত নিষেধাজ্ঞা সম্বলিত যে পত্রটি নিয়ে বর্তমানে বিভ্রান্তিকর পরিস্থিতির উদ্ভব হয়েছে সে প্রসংগে উল্লেখ্য যে, রাষ্ট্রপতির সচিবালয়ে কোন সহকারী সচিবের পদ নেই এবং ঐ রূপ কোন সরকারী সিদ্ধান্তও তথায় গৃহীত হয়নি বিধায় পত্রটি ভুয়া। কোন ব্যক্তি, ব্যক্তিবর্গ বা স্বার্থান্বেষী মহল কর্তৃক সরকারের ভাবমূর্তি বিনষ্ট করার অপপ্রয়াসে বিতরণকৃত উক্ত ভুয়া পত্রটির বিষয়ে তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়েছে। উল্লেখিত পত্রটি যে ভুয়া তা বিশ্ববিদ্যালয়সমূহের কর্তৃপক্ষকেও জানানোহয়েছে। খবরতথ্যবিবরণী'র।